

সহিংসতায় রণক্ষেত্র গোপালগঞ্জ, এক বিষয়ের পরীক্ষা স্থগিত

সংবাদ অনলাইন রিপোর্ট

: বুধবার, ১৬ জুলাই ২০২৫



জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কর্মসূচি ঘিরে হামলা-সংঘর্ষের পর গোপালগঞ্জে কারফিউ জারি হওয়ায় বৃহস্পতিবারের এইচএসসির ভূগোল দ্বিতীয় পত্র পরীক্ষা স্থগিত করা হয়েছে।

বুধবার রাত সাড়ে ৯টার দিকে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এক বিজ্ঞপ্তিতে জানায়, ঢাকা শিক্ষা বোর্ডের অধীন অন্যান্য জেলা ও বোর্ডে পরীক্ষা যথাসময়ে হবে।

গোপালগঞ্জের পরীক্ষার্থীরা ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষা দেন। বৃহস্পতিবার সকাল ১০টায় এইচএসসির ভূগোল দ্বিতীয় পত্র এবং দুপুর ২টায় উচ্চাঙ্গ সঙ্গীত, আরবি ও পালি প্রথম পত্রের পরীক্ষা হওয়ার কথা ছিল।

ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এস এম কামাল উদ্দিন হায়দার জানান, গোপালগঞ্জে উচ্চাঙ্গ সঙ্গীত, আরবি ও পালি বিষয়ের কোনো

পরীক্ষার্থী নেই, তাই শুধু ভূগোল দ্বিতীয় পত্র পরীক্ষা স্থগিত করা হয়েছে।

বুধবার দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত আইনশৃঙ্খলা বাহিনী এবং নিষিদ্ধ দল আওয়ামী লীগ ও ছাত্রলীগের সংঘর্ষে অন্তত চারজন নিহত হন।

মঙ্গলবার থেকেই এনসিপির পদযাত্রা ও সমাবেশ ঘিরে উত্তেজনা চলছিল। বুধবার সকালে এনসিপি নেতাদের গাড়িবহর শহরে ঢোকান আগেই পুলিশের গাড়িতে হামলা ও অগ্নিসংযোগ হয়। পরে ইউএনওর গাড়িতেও হামলা হয়।

বেলা দেড়টার দিকে আওয়ামী লীগ ও ছাত্রলীগ মিছিল নিয়ে জয়বাংলা স্লোগান দিয়ে পৌরপার্ক এলাকায় সমাবেশ মঞ্চে হামলা চালায়।

সমাবেশ শেষে পুলিশি নিরাপত্তায় টেকেহাট হয়ে মাদারীপুর যাওয়ার পথে দুপুর পৌনে ৩টায় লঞ্চ ঘাট এলাকায় গোপালগঞ্জ সরকারি কলেজের সামনে ফের হামলা হয়।

এ সময় পুলিশ ও সেনাবাহিনীর সঙ্গে আওয়ামী লীগ ও ছাত্রলীগের সংঘর্ষে শহর রণক্ষেত্রে পরিণত হয়। পরে এনসিপির কেন্দ্রীয় নেতারা পুলিশ সুপার কার্যালয়ে আশ্রয় নেন এবং সেখান থেকে সেনাবাহিনীর সাঁজোয়া যানে বেরিয়ে যান।

দুপুরে জারি হওয়া ১৪৪ ধারায়ও পরিস্থিতি নিয়ন্ত্রণ না আসায় সন্ধ্যায় কারফিউ ঘোষণা করা হয়।